## কালের কর্প্র

ঢাকা, সোমবার ২৯ এপ্রিল ২০২৪, ১৬ বৈশাখ ১৪৩১, ১৯ শাওয়াল ১৪৪৫



দিবসটি পালন করতে উপস্থিত বসন্ধরা পেপার মিলসের কর্মকর্তা-কর্মচারীরা।

ছবি : কালের কণ্ঠ

## বিশ্ব কর্মক্ষেত্রে নিরাপতা ও স্বাস্থ্য দিবস পালন করল বসুন্ধরা গ্রুপ

## নিজম্ব প্রতিবেদক >

'বিশ্ব কর্মক্ষেত্রে নিরাপত্তা ও স্বাস্থ্য দিবস ২০২৪' উদযাপন করেছে বসুন্ধরা গ্রুপ সেক্টর-সি। এই উদ্যোগের উদ্দেশ্য ছিল বসুন্ধরা গ্রুপের উৎপাদন ইউনিটগুলোতে নিরাপত্তা ও সুস্থতার সংস্কৃতি গড়ে তোলা এবং এ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা।

এতে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) প্রকাশিত পরিসংখ্যানের পটভূমিতে বিশ্বব্যাপী শ্রমিকদের জন্য জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট স্বাস্থ্যবৃকিগুলো তুলে ধরা হয়। বসুন্ধরা গ্রুপের কর্মকর্তা ও কর্মচারীদের মাধ্যমে এই প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের কর্মক্ষেত্রে নিরাপত্তা ও স্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন কর্মসৃচি গ্রহণ করা হয়েছে।

বসুন্ধরা পেপার মিলস লিমিটেড (বিপিএমএল), বসুন্ধরা মাল্টি পেপার ইডাস্ট্রিজ লিমিটেড (বিএমপিআইএল), বসুন্ধরা ইডাস্ট্রিয়াল কমপ্লেক্স লিমিটেড (বিআইসিএল) এবং বসুন্ধরা মাল্টি স্টিল ইন্ডাস্ট্রিজ লিমিটেড (বিএমএসআইএল) প্রকল্পের অ্যাডভাইজার ও প্রকল্প প্রধানদের নেতৃত্বে মূল উৎপাদন ইউনিটগুলোতে দিবসটি পালন করা হয়। তানভির-উল-ইসলাম, প্রধান উপদেষ্টা, বিপিএমএল প্লান্ট-২: এস এম সরোয়ার, প্রকল্প প্রধান, বিপিএমএল প্লান্ট-১; মো. আবুল হাসান, প্রকল্প প্রধান, বিপিএমএল প্লান্ট-৩; মো. লুংফর রহমান, প্রধান প্রকৌশলী ও প্লান্ট প্রধান, বিআইসিএল এবং মো. শামশাদ মালিক, ভারপ্রাপ্ত প্রকল্প প্রধান, বিপিএমএল প্লান্ট-২ এদিন উপস্থিত ছিলেন এবং নিজ নিজ প্রকল্পে এই দিবসের প্রতিপাদ্য বিষয় নিয়ে বক্তৃতা করেন। বসুন্ধরা গ্রুপের ভাইস চেয়ারম্যান সাফওয়ান সোবহান সেক্টর-সির কর্মকর্তা ও কর্মচারীদের এই দিবস উপলক্ষে তাঁদের সক্রিয় অবস্থানের জন্য প্রশংসা করেন।

News Link: https://www.kalerkantho.com/online/national/2024/04Lorem ipsum